

Kālidāsa in the West

Dept. of Sanskrit Sem IV(H) Paper.- CC-8

~ Palash Ghorai

সংস্কৃত সাহিত্যে ব্যাস-বাল্মীকি প্রভৃতি ঋষি-কবিদের ধারাকে অক্ষুণ্ণ রাখার ক্ষেত্রে যেসব মহান প্রতিভা উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছিলেন তার মধ্যে মহাকবি কালিদাস অন্যতম। কবিকুলচূড়ামণি হিসেবে তিনি বিশ্ববিখ্যাত। তিনি নাটক, মহাকাব্য ও খণ্ডকাব্য রচনা করেন, যেগুলির প্রতিটিই গুণগত দিকে থেকে সাহিত্যের অনন্য নিদর্শন। তার কাব্য কালের গণ্ডিকে অতিক্রম করে ভারতীয় সংস্কৃতির পরিচায়ক হয়ে উঠেছে। একথা সত্যি যে, কালিদাসের কাব্য বা নাটকে ভারতীয় সংস্কৃতির যে সুনিবিড় পরিচয় পাওয়া যায় তা এককথায় দুর্লভ। আজ বিদেশে ভারতীয় সাহিত্য ও সংস্কৃতির যে সম্মান সেই কৃতিত্বের অনেকটাই মহাকবি কালিদাসের প্রাপ্য।

কালিদাসের সাহিত্যের প্রশংসা করে জার্মান কবি বিদ্বান হর্ডর বলেছেন যে, ভারতীয় ধর্মগ্রন্থগুলির অধ্যয়নে ভারতের সংস্কৃতির ততোটা পরিপূর্ণ বা পরিপক্ব জ্ঞান মেলে না যতোটা জ্ঞান মেলে কালিদাসের সহজ-সরল, রোচক ও হৃদয়াকর্ষক সাহিত্যকৃতির দ্বারা। কালিদাসের মতো কাব্যপ্রতিভা সত্যিই বিরল।

কালিদাসের যে সাতটি রচনা প্রসিদ্ধ সেগুলি হল -

- ক) নাটক - অভিজ্ঞানশকুন্তলম্, বিক্রমোর্বশীয়ম্, মালবিকাগ্নিমিত্রম্
- খ) কাব্যগ্রন্থ - রঘুবংশম্, কুমারসম্ভবম্
- গ) গীতিকাব্য বা খণ্ডকাব্য - মেঘদূতম্, ঋতুসংহারম্

এখন কালিদাসের এই সাহিত্যকৃতিগুলির ইংরেজি ও জার্মান অনুবাদ নিয়ে আমরা সংক্ষেপে আলোচনা করব।

১.১ अभिज्ञानशाकुन्तलस्य आङ्ग्ल-भाषायाम् अनूद्धानि पुस्तकानि।

(English Translation of Abhijñāna-Śākuntalam)

সংস্কৃত সাহিত্যে মহাকবি কালিদাস বিরচিত “অভিজ্ঞানশকুন্তলম্” হল একটি অতি বিখ্যাত নাটক। প্রাচীন ভারতীয় সংস্কৃতির সাক্ষ্য বহন করে এই নাটক যুগে যুগে মানুষের মনের মণিকোঠায় নিজ আধিপত্য বিস্তার করেছে। কেবলমাত্র ভারতের মধ্যেই এর বিস্তার সীমাবদ্ধ থাকেনি, বৈদেশিকদের হাত ধরে বিভিন্ন ভাষায় একাধিকবার অনূদিত হয়েছে এই গ্রন্থ এবং স্বর্গৌরবে নিজ কীর্তিকে অক্ষুণ্ণ রেখেছে। এই ক্ষুদ্র প্রবন্ধে আমরা অভিজ্ঞানশকুন্তলের ইংরেজি ভাষায় অনুবাদ হয়েছে যেসব গ্রন্থ সেগুলিই নিয়েই সংক্ষেপে আলোচনা করব।

অষ্টাদশ শতকের শেষ দিকেই অভিজ্ঞানশকুন্তল সহ কালিদাসের অন্যান্য কৃতি বিদেশে ভ্রমণ শুরু করে। ১৭৮৯-খ্রিষ্টাব্দে স্যার উইলিয়াম জোন্স প্রথম ইংরেজিতে অভিজ্ঞানশকুন্তলের অনুবাদ করেন। তারপর এটি ১৭৯১ সালে জার্মান ভাষায় অনুবাদ করেন। এটি জার্মান কবি গথে (Goethe) ও হার্ডার

(Herder) কে দারুণভাবে প্রভাবিত করে। অভিজ্ঞানশকুন্তলম্-ই হল প্রথম সংস্কৃত নাটক যেটি ইউরোপীয় ভাষাতে প্রথম অনুবাদ করা হয়েছিল। জোন্স প্রথমে এটি ল্যাটিন ভাষায় অনুবাদ করেন, এবং তারপর প্রত্যেক শব্দ ধরে ধরে ইংরেজিতে অনুবাদ করেছিলেন। জোন্সের এই ইংরেজি অনুবাদের নাম ছিল - *Shakuntala or the Fatal Ring*। অনুবাদের দশ বছরের মধ্যেই এই কাজের জন্য জোন্স আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেছিলেন। জোন্সের এই অনুবাদ থেকে উদ্ভূত হয়ে অন্যান্য লেখকেরা জার্মান, ফরাসি, ইটালি ও ড্যানিস ভাষায় শকুন্তলার অনুবাদ করেছিলেন। ভারতীয় গ্রন্থের মধ্যে শকুন্তলার জনপ্রিয়তা তখন এতোটাই হয়েছিল যে ১৭৯০ থেকে ১৮০৭ খ্রিষ্টাব্দের মধ্যে ইংল্যাণ্ডেই পাঁচ বার এই গ্রন্থটি পুনর্মুদ্রিত হয়েছিল এবং গোটা ইউরোপে অনেক ভাষাতে অনূদিত হয়েছিল এবং অনেকবার প্রকাশিতও হয়েছিল।

জোন্স কালিদাসকে ভারতের শেক্সপীয়র বলে আখ্যা দিয়েছিলেন। যদিও কথাটা পুরোপুরি সঙ্গত নয়। কারণ, শেক্সপীয়র কেবলমাত্র প্রতিভাবান নাট্যকারই ছিলেন, অন্যান্য কোনরূপ কাব্যগ্রন্থে তার প্রতিভার পরিচয় মেলে না। অপরপক্ষে কালিদাসের কাব্যপ্রতিভা মহাকাব্য, খণ্ডকাব্য ও নাটকে ছিল। তিনি শেক্সপীয়রের মতো কেবল নাট্যপ্রতিভার অধিকারী ছিলেন না। অর্থাৎ সংক্ষেপে বলতে গেলে বলতে হয়- শেক্সপীয়র কবির থেকে আগে নাট্যকার। অপরপক্ষে, কালিদাস নাট্যকারের থেকেও আগে কবি ছিলেন। তুলনাত্মক আলোচনা সঙ্গত বা অসঙ্গত যাই হোক না কেন, কালিদাসের এই খ্যাতির ফলেই গোটা ইউরোপ ভারতীয় সাহিত্যের প্রতি আগ্রহান্বিত হয়ে উঠেছিল।

মনিয়ার উইলিয়ামস (১৮১৯-১৮৯৯) ১৮৫৩ খ্রিষ্টাব্দে সংস্কৃত সাহিত্যের সান্নিধ্যে এসে ১৮৫৫ খ্রিষ্টাব্দে শকুন্তলার ইংরেজি অনুবাদ প্রকাশিত করেন। এটির দ্বিতীয়বার সম্পাদিত হয়ে ১৮৭৬ আবার প্রকাশিত হয়েছিল। মনিয়ার উইলিয়ামস কালিদাসের শ্লোকের ছন্দের মাধুর্যে খুবই প্রভাবিত হয়েছিলেন এবং নিজের অনুবাদেও সেই ধারা বজায় রাখার চেষ্টা করেছিলেন। তার প্রকাশিত গ্রন্থটির নাম ছিল - *Sakuntala or The Lost Ring: An Indian Drama, Translated into Prose and Verse from the Sanskrit of Kalidasa*. তিনি গ্রন্থটির ভূমিকাতে লিখেছিলেন যে, শকুন্তলা ভারতীয় শেক্সপীয়রের সবচেয়ে উল্লেখযোগ্য নাটক। ইংরেজদের প্রয়োজনে তিনি এই অনুবাদ করেছেন যেখানে হিন্দুদের মতামত, রীতি, ধর্মীয় আচার, প্রাত্যহিক ক্রিয়াকলাপ প্রভৃতির প্রতিচ্ছবি ধরা আছে।¹

অভিজ্ঞানশকুন্তলের অন্যান্য ইংরেজি অনুবাদগ্রন্থের তালিকা নীচে সংক্ষেপে দেওয়া হল -

প্রকাশনবর্ষম্	অনুবাদকস্য নাম	গ্রন্থস্য নাম	প্রকাশনস্থলম্
1789	Sir Willam Jones (সর উিলিয়ম্ জোন্স)	Sacotalā or the Fatal Ring	England
1855	Monier Williams মোনিয়ার উিলিয়ম্স	Sakuntala or The Lost Ring	Hartford
1894	A. H. Edgren	Sakuntala or the Recovered Ring	New York

1 The most celebrated drama of the great Indian Shakespere. The need felt by the British public for such a traslation as I have here offered the most popular of the Indian dramas, in which the customs of the Hindus, their opinions, prejudices, and fables; their religious rites, daily occupations, and amusements are reflected as in a mirror. (Sakuntala, xi-xii)

1904	A. M. Wright		Springfield
1912	Arthur W. Ryder	Kalidasa's Translation of Shakuntala and other works	London & New York
1959	D. John Mitchel	A Sanskrit Classic "Shakuntala"	New York
	H. W. Wels	Contains the translation of Edgren A. H	

উপরোক্ত গ্রন্থকার ছাড়াও আরও অনেক গ্রন্থকার ইংরেজি ভাষায় অভিজ্ঞানশাকুন্তলের অনুবাদ করেছেন। এখানে কেবলমাত্র গ্রন্থকারের নাম এবং গ্রন্থপ্রকাশের সময় উল্লেখ করা হচ্ছে - Michael Coulson (1992), C R Devadhar and N G Suru (1934), W J Johnson (2001), M R Kale (1969), Barbara Stoler Miller (1984), Somadeva Vasudeva (2006)।

১.২ अभिज्ञानशाकुन्तलस्य जर्मन-भाषायाम् अनूदितानि पुस्तकानि। (German Translation of Abhijñāna-Śākuntalam)

উইলিয়াম জোসের ইংরেজি অনুবাদ সারা ইউরোপে যে প্রভাব ফেলেছিল তার প্রভাব জার্মানিতেও পড়েছিল। জর্জ ফর্স্টার [George Forster] (১৭৫৪-১৭৯৪) জোসের ইংরেজি ভাষায় অনূদিত শকুন্তলা থেকে জার্মানভাষায় নাটকটির অনুবাদ করে ১৭৯১ খ্রিষ্টাব্দে প্রকাশ করেন। তিনি নাটকটির নাম দিয়েছিলেন - *Sakuntala Oder der Entscheidende Ring*। তিনি এই অনুবাদটি হার্ডারকে পাঠান। তখন হার্ডার [Herder] তার প্রত্যুত্তরে লিখেছিলেন যে, - "Shakuntala is a masterpiece that appears once every two thousand years", অর্থাৎ শকুন্তলা সেইরকমই একটি অপূর্ব কাব্য যেটা দুহাজার বছরে একবারই লেখা হয়। জর্জের এই বইয়ের দ্বিতীয় সংস্করণের মুখবন্ধও হার্ডার লেখেন। হার্ডার শকুন্তলা নাটকের প্রতি খুবই আকৃষ্ট হন এবং এই নতুন নাটকীয় ধারার (model) বা তত্ত্বের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। একটি দীর্ঘ প্রবন্ধে হার্ডার অ্যারিস্টটলীয় নাটকের তত্ত্বকে চ্যালেঞ্জ জানান, যাকে আশ্রয় করে তখন অন্যান্য নাটকের বিচার করা হতো। হার্ডার শকুন্তলার নাটকের আলোকেই ভারতীয় কলাশাস্ত্রের ধারণার পুনর্বিবেচনা করেছিলেন, এবং সিদ্ধান্তে এসেছিলেন যে গ্রীক ধারাই কলাশাস্ত্রের শেষ কথা নয়।

হার্ডার, গোট্টে [Goethe] (১৭৪৯-১৮৩২) এবং শ্চিলার (১৭৫৯-১৮০৫) – এরা সবাই কালিদাসের গুণমুগ্ধ ছিল। গোট্টে কালিদাসের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে শকুন্তলার প্রশস্তিসূচক করে যে শ্লোকটি লিখেছেন সেটি শকুন্তলা নাটকের খ্যাতিকেই বাড়িয়ে দেয় -

वासन्तं कुसुमं फलं च युगपद् ग्रीष्मस्य सर्वं च यत्

यच्चान्यन्মনसो रसायनमतः सन्तर्पणं मोहनम्।

एकीभूतमभूतपूर्वमथवा स्वर्लोकभूलोकयोः

ऐश्वर्यं यदि वाञ्छसि प्रियसखे शाकुन्तलं सेव्यताम्।।²

2 E.B. Eastwick translated Goethe's lines into English: Wouldst thou the young years blossoms and the fruits of its decline, And all by which the soul is charmed, enraptured, feasted, fed, Wouldst thou the earth and Heaven itself in one sole name combine? I name thee, O Sakuntala! And all at once is said. (cited from *Glassy Essence*, 3)

অর্থাৎ যদি কেউ বসন্তকালের ফুল এবং গ্রীষ্মকালের ফল একসঙ্গে পেতে চাও, আর যদি কেউ মনের মোহনীয় রসায়নকে সন্তর্পণে জানতে চাও, যদি কেউ স্বর্গলোক এবং ভুলোকের একীভূত অভূতপূর্ব ঐশ্বর্যকে লাভ করতে চাও, তবে হে সখা, শকুন্তলা পড়ো।

স্বামী বিবেকানন্দ তার ইউরোপ ভ্রমণের স্মৃতিকথায় লিখেছেন যে, গণ্যে প্রভৃতি ইউরোপীয়ান কবিরা ভারতীয় ধর্মগ্রন্থ থেকে তাদের ভাবনা নিয়েছেন।³ জার্মান প্রাশ্চাত্যবিদ ফ্রেডরিক ভন শিগেল [Friedrich Von Schlegel] (1772-1829) জর্জ ফর্স্টারের শকুন্তলার অনুবাদে উদ্বুদ্ধ হয়েছিলেন। ১৮০৮ খ্রিষ্টাব্দে তিনি ভারতের ভাষা ও জ্ঞানচর্চা সম্পর্কে কাজের মাধ্যমে (*Über die Sprache Und Weisheit der Indier: Din Beitrag zur Begrundung der Altertumskunde*) নিজের অবদান রেখেছিলেন। ঊনবিংশ শতাব্দীর অনেক ইউরোপীয় রোমান্টিক বিপ্লবের (Romantic Movement) কবিই তাঁর এই বইয়ের দ্বারা প্রভাবিত হয়েছিলেন যাঁরা মুক্তকণ্ঠে স্বীকার করেছেন যে ভারতবর্ষের সংস্কৃতির গ্রন্থগুলি তাঁদের এই ভাবধারায় উদ্বুদ্ধ করেছিল। শিগেলের অন্তরঙ্গ বন্ধু এবং কবি নোভেলিস (Novalis) ও শকুন্তলা নাটকের দ্বারা খুবই প্রভাবিত হয়েছিলেন। জার্মানিতে শকুন্তলা এতোটাই প্রসিদ্ধিলাভ করেছিল যে প্রায় দশবারেরও বেশি এটি জার্মান ভাষায় অনূদিত হয়েছিল। শুধু অনুবাদই নয় এটি ইংরেজিতে ১৮৯৯, ১৯১২ এবং ১৯১৩ খ্রিষ্টাব্দে মঞ্চস্থও হয়েছিল।

অভিজ্ঞানশাকুন্তলের জার্মান ভাষায় অনুবাদগ্রন্থের তালিকা নীচে সংক্ষেপে দেওয়া হল -

প্রকাশনবর্ষম্	অনুবাদকস্য নাম	গ্রন্থস্য নাম	প্রকাশনস্থলম্
1791 (1 st Ed.) 1803 (2 nd Ed.) 1820 (3 rd Ed.) 1879 (4 th Ed.)	George Forster (জর্জ ফর্স্টার)	<i>Sakontala, Order der Enscheidende Ring</i>	Germany (1 st Ed.) Hidlberg (3 rd Ed.) Leipzig (4 th Ed.)
1793	Herder হর্ডার		
1855	ফ্রেডরিক রুকার্ট		
1833 (1 st Ed.) 1849 (2 nd Ed.)	হীজেল	Sakuntala, order der Erkunungring	Zurich
1854	হোপেল	Sakuntala, A free rendering into German	
1842, 1840	Otto, Bothlingk	Kalidasa's Ring-Sakuntala	Bonn
1847-54	Ernest Meter	Sakuntala, einindischess-chaauspiel	
1854, 1867, 1871, 1878, 1884	Edmund Lobendanz	Sakuntala Metrischubersetzt	Lipzing

3 He is a good poet (Jules Du Bois, the famed French writer), and is an advocate of Indian Vedantic ideas that have crept into the great French poets, such as Victor Hugo and Lamartine and others, and the great German poets such as Goethe, Schiller and the rest. The influence of Vedanta on European poetry and philosophy is very great. Only some of them do not care to admit this indebtedness, and want to establish their complete originality, as Herbert Spencer and others, for instance. But the majority do openly acknowledge. (Complete Works, VII, 375-76)

1973	Johan Bottfried Herder	Kalidasa Sakuntala, original, uberenimorgek eandisches drama in zent renten Blacttern	Botha
1820	Wilhelm Glrhard	Sakontal, Order der Verhangissvolle Ring	Lipzing

এইসব অনুবাদ গ্রন্থগুলির প্রাধান্যের দ্বারা বোঝা যায় যে, কালিদাসের অভিজ্ঞানশাকুন্তলম্ সরাসরিভাবে ঊনবিংশ শতাব্দীতে পাশ্চাত্য দেশগুলিতে অত্যন্ত প্রভাব বিস্তার করেছিল। অনুবাদ ছাড়াও পাশ্চাত্য মনীষা শকুন্তলাকে নিজস্ব শৈলীতে গ্রহণ করেছিল। সেই শকুন্তলার ঘটনার অনুকরণে ১৮৯৫ খ্রিষ্টাব্দে Andre Ferdinand Herold লেখেন *Lanneau de Sakuntala*, যেটি প্যারিসে Theatre I Oeuvre তে মঞ্চস্থ হয়েছিল এবং দর্শকের দ্বারা সাদরে গৃহীত হয়েছিল। অষ্টাদশ ও ঊনবিংশ শতাব্দীতে ইউরোপের অনেক অপেরাতেই শকুন্তলার কাহিনী মঞ্চস্থ হয়েছিল এবং অনন্যসাধারণভাবে গৃহীত হয়েছিল।

২.১ বিক্রমোর্বহীয-নাটকস্য আঞ্জলমাষায়াম্ অনুদিতানি পুস্তকানি (English Translations of Vikramorvaśīyam)

প্রকাশনবর্ষম্	অনুবাদকস্য নাম	গ্রন্থস্য নাম	প্রকাশনস্থলম্
1849	Monier Williams (মোনিয়র বিলিয়মস)	<i>Vikramorvasiya: A Drama by Kalidasa</i>	হর্টফোর্ড
1851	ই. বী. কাবল	<i>Vikramorvasiya: Tr. Into English Prose</i>	হর্টফোর্ড
1871	H. H. Wilson	<i>Vikrama and Urvasi or the Hero and the Mymph (in slect specimen of the theatre of the Hindus, Vol. 1, London)</i>	London

২.২ বিক্রমোর্বহীয-নাটকস্য জর্মনমাষায়াম্ অনুদিতানি পুস্তকানি (German Translations of Vikramorvaśīyam)

প্রকাশনবর্ষম্	অনুবাদকস্য নাম	গ্রন্থস্য নাম	প্রকাশনস্থলম্
1837	K. G. A. Hopher	<i>Urvasi der Preis der Tapferkeit</i>	Berlin
1838	বী. হজেল	<i>Urvasi and der Held</i>	Fraunfled
1846	এফ. বোলেনসেন	<i>Vikramorvasiya das ist Urvasi, der preis der Tapferkeit</i>	Sint-Pietersberg
1880	লুডভিগ ফ্রিজ	<i>Urvasi</i>	Lipzing
1861	ই. লোবেলডানজ	<i>Urvasi, Deutsch metrissch-bearbitat</i>	Lipzing

**৩.১ মালবিকাগ্নিমিত্র-নাটকস্য আঞ্জলভাষায়াম্ অনূদিতানি পুস্তকানি
(English Translations of Mālavikāgnimitram)**

প্রকাশনবর্ষম্	অনুবাদকস্য নাম	গ্রন্থস্য নাম	প্রকাশনস্থলম্
1871	H. H. Wilson	<i>Introduction and Sepcimen of Malavikagnimitra (in select specimen of the theatere of the Hindus, Vol.II)</i>	London
1875	C. H. Tawney	<i>The Malavikāgnimitra a Sanskrit play literally translated into English prose</i>	Calcutta

**৩.২ মালবিকাগ্নিমিত্র-নাটকস্য জর্মনভাষায়াম্ অনূদিতানি পুস্তকানি
(German Translations of Mālavikāgnimitram)**

প্রকাশনবর্ষম্	অনুবাদকস্য নাম	গ্রন্থস্য নাম	প্রকাশনস্থলম্
1856	অল্ভার্ট বেবর	<i>Malavika and Agnimitra</i>	Berlin
1881	লুডভিগ প্রাইজ	<i>Malvika and Agnimitra</i>	Lipzing
1917	Feuchtwanger	<i>Der Koning Und die Tanzerin</i>	Muchen

**৪.১ রঘুবংশ-মহাকাব্যস্য আঞ্জলভাষায়াম্ অনূদিতানি পুস্তকানি
(English Translations of Raghuvamśam)**

প্রকাশনবর্ষম্	অনুবাদকস্য নাম	গ্রন্থস্য নাম	প্রকাশনস্থলম্
1861	গ্রিফিথ	<i>Poetic Translation of Raghuvamsa I, II, Viz. Description of Dilipa 'A Free Rengdering'</i>	
1902	জানস্টন (Aloineholge)	<i>The Raghuvamsa, The Story of Raghu's lie</i>	London

**৪.২ রঘুবংশ-মহাকাব্যস্য জর্মনভাষায়াম্ অনূদিতানি পুস্তকানি
(German Translations of Raghuvamśam)**

রঘুবংশ মহাকাব্যের একটি অংশ অজবিজয়ম্। এটি ১৮৩৮ খ্রিষ্টাব্দে রুকার্ট জার্মান ভাষায় অনুবাদ করেন। ১৮৯০ খ্রিষ্টাব্দে জার্মান ভাষায় রঘুবংশের গদ্যানুবাদ প্রথম হয়েছিল। এইচ. এইচ. বোনশকে এর অনুবাদক ছিলেন।

प्रकाशनवर्षम्	अनुवादकस्य नाम	ग्रन्थस्य नाम	प्रकाशनस्थलम्
1890	Schack	<i>Ad fr. Grof. Von. Free German materical rendering</i>	
1902	श्रीडोर	<i>Leopald, on Prinsen zofe</i>	
1914	Otto Walter	<i>Raghuvamsau odr Raghustamm Einkunsteposkalisasaszum Erstcen Maleuollostandigausdem Sanskrit in das Deutsche ubertoragen</i>	Munchen, Lipzing

५.१ कुमारसम्भव-महाकाव्यस्य आङ्ग्लभाषायाम् अनुदितानि पुस्तकानि (English Translations of *Kumārasambhavam*)

१८७९ খ্রিষ্টাব্দে গ্রিফিথ কুমারসম্ভবের ইংরেজিতে অনুবাদ করেন। তার নাম দেন - The Birth of the war God: A Poem by Kalidasa। এটি ইংরেজি ভাষায় Ludgatehil থেকে প্রকাশিত হয়। এটি আগে *The Birth of Uma- A Legend of Himalaya by Kalidasa being the first canto of Kumarasambhava* নামে ১৮৩৩ সালেও প্রকাশিত হয়েছিল।

রাইডার *Kalidasa's Sakuntala and other works* নামে ১৯১২ খ্রিষ্টাব্দে কুমারসম্ভবের অনুবাদ ইংরাজি ভাষায় করেন।

এইচ. এইচ. উইলসন *Kumarasambhava: Litceral Translations in English Prose* - এই নামে ইংরেজিতে গদ্যানুবাদ করেন, যেটা রেবা প্রসাদ দ্বিবেদীর ভূমিকার সহযোগে ১৯৬৬ খ্রিষ্টাব্দে বারাণসী থেকে সম্পাদন করা হয়েছিল।

৫.২ कुमारसम्भव-महाकाव्यस्य जर्मनभाषायाम् अनुदितानि पुस्तकानि (German Translations of *Kumārasambhavam*)

এ. বাল্টর ১৯৪৩ খ্রিষ্টাব্দে রঘুবংশের জার্মান ভাষায় অনুবাদ করেন। রুকার্টও এটি অনুবাদ করেন।

কে. গ্নেজর *Parvati's Hochzeitubersetzet* নামে ১৮০৬ সালে জার্মান ভাষায় এর অনুবাদ করেন। ভিন্তারনিৎস ও জার্মান ভাষায় এর অনুবাদ করেছিলেন।

৬.১ ऋतुसंहारस्य आङ्ग्लभाषायाम् अनुदितानि पुस्तकानि (English Translations of *Rtusamhāram*)

স্যার উইলিয়াম জোন্স ১৭৯২ খ্রিষ্টাব্দে কালিদাসের ঋতুসংহারের ইংরেজি অনুবাদ করেন এবং কলকাতা থেকে *The Seasons, A Descriptive Poem* নামে প্রকাশ করেন।

प्रकाशनवर्षम्	अनुवादकस्य नाम	ग्रन्थस्य नाम	प्रकाशनस्थलम्
1792	Sir Willam Jones	<i>The Seasons, A Descriptive Poem</i>	England
1885	इडविन अर्लाल्ड		
1966	H. H. Wilson		Varanasi
	E. Mathers	Rtusamhara: A Circle of Seasons	
	K. V. Zetterstuen	Olt Translation of the Rtuseum hara	

६.२ ऋतुसंहारस्य जर्मनभाषायाम् अनूदितानि पुस्तकानि
(German Translations of *Rtusamhāram*)

प्रकाशनवर्षम्	अनुवादकस्य नाम	ग्रन्थस्य नाम	प्रकाशनस्थलम्
1840	पी. वोलेन		
1910	आटोफ्रिसर	<i>Rtusamhara Die Jahreszeiten</i>	
1924	हरमन कींगवर्ग	<i>The Season</i>	

७.१ मेघदूतस्य आङ्ग्लभाषायाम् अनूदितानि पुस्तकानि
(English Translations of *Meghadūtam*)

प्रकाशनवर्षम्	अनुवादकस्य नाम	ग्रन्थस्य नाम	प्रकाशनस्थलम्
1813 (1 st Ed) 1843 (2 nd Ed) 1867 (3 rd Ed) 1872 (4 th Ed) 1961	Wilson	<i>The Meghaduta or Cloud Messenger: A Poem in the Sanskrit language with Sanskrit text and Notes</i>	Calcutta (1 st Ed) London (2 nd & 3 rd Ed) Calcutta (4 th Ed) Varanasi
1860	एच. ए. कोलोनेल आवरी	<i>The Meghaduta or Cloud Messenger</i> (इंश्रेजि गद्यानुवाद)	London
1911	E. Hultsch	<i>Kalidasa's Meghaduta with a complete English Sanskrit Vocabulary</i>	Royal Asiatic Society, London
1912	Arthur W. Ryder	Kalidasa's Translation of Shakuntala and other works	London & New York
1930	चार्ल्स रिजार्डकिंग्स	<i>The Cloud Messenger</i>	London
1935	जी. एच. रुके	<i>The Meghaduta</i>	London

		(मल्लिनाथेन टीका समेत अनुवाद)	
1964	फ्रैङ्कलिन, इडरसन् इलिनर	<i>The Cloud Messenger</i>	अखोर

७.२ मेघदूतस्य जर्मनभाषायाम् अनूदितानि पुस्तकानि
(German Translations of *Meghadūtam*)

प्रकाशनवर्षम्	अनुवादकस्य नाम	ग्रन्थस्य नाम	प्रकाशनस्थलम्
1847	मैक्समूलर	Meghadutam oder der wolkenbote Translated in German verse and Annotated in German	London
1874	एडाल्फ फ्रेडरिक, स्टेनजलर	Wolkenbote	Breslau
	ई. मीटर	Die Klassischen Dichtung der Inder, III	

Books for References:

1. Dr. Deshraj, *Sanskrit Literature on the world stage*, Delhi: Vidyanidhi Prakashan, 2020.
2. <https://arisebharat.com>>Impact of Kalidasa on the West.
3. <https://www.gutenberg.org>>Translations of Shakuntala and other works by Kalidasa.